

■■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৫৬৫

৪১/ জান্নাতের বিবরণ (খুড্রি الله على)

পরিচ্ছেদঃ সর্বনিম্ন জান্নাতীর মর্যাদা।

بَابُ مَا جَاءَ مَا لأَدْنَى أَهْلِ الجَنَّةِ مِنَ الكَرَامَةِ

আরবী

حَدَّثَنَا بُنْدَارٌ، حَدَّثَنَا مُعَاذُ بْنُ هِشَامٍ، حَدَّثَنَا أَبِي، عَنْ عَامِرِ الأَحْوَلِ، عَنْ أَبِي الصِيدِيقِ النَّاجِيّ، عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيّ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " الْمُؤْمِنُ إِذَا اشْتَهَى الْوَلَدَ فِي الْجَنَّةِ كَانَ حَمْلُهُ وَوَضْعُهُ وَسِنُّهُ فِي سَاعَةٍ كَمَا يَشْتَهِي " . قَالَ أَبُو إِذَا اشْتَهَى الْوَلَدَ فِي الْجَنَّةِ كَانَ حَمْلُهُ وَوَضْعُهُ وَسِنُّهُ فِي هَذَا فَقَالَ بَعْضَهُمْ فِي الْجَنَّةِ عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ . وَقَدِ اخْتَلَفَ أَهْلُ الْعِلْمِ فِي هَذَا فَقَالَ بَعْضَهُمْ فِي الْجَنَّةِ جَمَاعٌ وَلاَ يَكُونَ وَلَدٌ . هَكَذَا رُويَ عَنْ طَاوُسٍ وَمُجَاهِدٍ وَإِبْرَاهِيمَ النَّخَعِيّ . وَقَالَ مُحَمَّدٌ جَمَاعٌ وَلاَ يَكُونُ وَلَدٌ . هَكَذَا رُويَ عَنْ طَاوُسٍ وَمُجَاهِدٍ وَإِبْرَاهِيمَ النَّخَعِيّ . وَقَالَ مُحَمَّدٌ قَالَ إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ فِي حَديثِ النَّبِيِّ صلى الله عليه وسلم " إِذَا اشْتَهَى الْمُؤْمِنُ الْوَلَدَ فِي الْجَنَّةِ كَانَ فِي سَاعَةٍ وَاحِدَةٍ كَمَا يَشْتَهِي " . وَلَكِنْ لاَ يَشْتَهِي . قَالَ مُحَمَّدٌ وَقَدْ رُويَ عَنْ أَبِي رَزِينِ الْعُقَيْلِيِّ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " إِنَّ أَهْلَ الْجَنَّةِ لاَ يَكُونُ لَا يَعْمَو وَيُقَالُ بَكُرُ بْنُ قَيْسٍ أَيْضًا . وَأَبُو الصِدِيقِ النَّاجِيُّ اسْمُهُ بَكُرُ بْنُ عَمْرٍ و وَيُقَالُ بَكُرُ بْنُ قَيْسٍ أَيْضًا .

বাংলা

২৫৬৫. বুনদার (রহঃ) আবূ সাঈদ খুদরী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেঃ কোন মু'মিন যদি জান্নাতে সন্তান কামনা করে তাবে তার কামনা অনুসারে সন্তানের গর্ভ, জন্ম ও বয়সের পূর্ণতা প্রাপ্তি সবকিছু এক মুহূর্তেই সংঘটিত হবে। সহীহ, তিরমিজী হাদিস নম্বরঃ ২৫৬৩ [আল মাদানী প্রকাশনী]

হাদীস হাসান-গারীব। আলিমগণের এই বিষয়ে মতবিরোধ রয়েছে। কোন কোন আলিম বলেন, জান্নাতে স্ত্রীসঙ্গম হবে বটে কিন্তু কোন সন্তান হবে না। তাউস, মুজাহিদ ও ইবরাহীম নাখঈ (রহঃ) থেকেও এইরূপ মত বর্ণিত আছে।

মুহাম্মাদ [ইমাম বুখারী (রহঃ)] বলেছেনঃ ''মুমিন যখন জান্নাতে সন্তান কামনা করবে তখন তার কামনা হিসেবে এক মুহূর্তে তা ঘটবে'' - এই হাদীসটির প্রসঙ্গে ইসহাক ইবন ইবরাহীম (রহঃ) বলেছেনঃ তবে মু'মিন এই



ধরনের কিছু কামনা করবে না। মুহাম্মাদ [ইমাম বুখারী (রহঃ)] বলেনঃ আবূ রাযীন উকায়লী সূত্রে নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত যে, জান্নাতে জান্নাতবাসীদের কোন সন্তান হবে না।

রাবী আবু সিদ্দীক নাজী (রহঃ) এর নাম হল বকর ইবন আমর। বলা হয় বকর ইবন কায়স।

English

Abu Sa'eed Al-Khudri narrated that the Messenger of Allah (s.a.w) said: "The believer, when he desires a child in Paradise, he shall be carried (in pregnancy), born, and complete his aging in an hour as he desires."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবু সা'ঈদ খুদরী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন